

স্মারকনং-৫২.০১.৫০৩৯.১০৩.০৬.০০১.১৯-০০২

তারিখ: ০৭-০১-২০২০ খ্রি

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা-২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী' ও 'সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|--------|---------------------|---------------------------|--|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের সংস্থান মোতাবেক | ১) ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২২-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) হাতের লেখা Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে সংগতিপূর্ণ হতে হবে। |
| ০২) | তালিকাকারী/গণনাকারী | প্রকল্পের সংস্থান মোতাবেক | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) হাতের লেখা Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে সংগতিপূর্ণ হতে হবে। |

শর্তাবলী:

১. নির্ধারিত আবেদন ফরম আগামী ০৮/০১/২০২০ হতে ২০/০১/২০২০ খ্রি: পর্যন্ত অফিস চলাকালীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া হতে সংগ্রহ করতে হবে।
২. পূরণকৃত আবেদন ফরম সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, এবং এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ২৪/০১/২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার দিন লিখিত পরীক্ষার উত্তরপত্রের সাথে জমা দিতে হবে।
৩. নিয়োগের অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে (কমপক্ষে ৫০%) এবং যে সকল প্রার্থীগণের পূর্ববর্তী কোন শুমারি/জরিপের কাজের অভিজ্ঞতা আছে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
৪. উত্তীর্ণ প্রার্থীদের তালিকা মৌজা/মহল্লা ভিত্তিক প্রকাশ করা হবে। আবেদনপত্রে অবশ্যই যে মৌজা/মহল্লায় কাজ করতে ইচ্ছুক তার নাম উল্লেখ করতে হবে।
৫. লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০মাসে) কার্যক্রমে প্রতি তালিকা করী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূলশুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারীকে ০৭ (সাত) দিনে মোট ১২০টি (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
৬. একজন সুপারভাইজারকে কমপক্ষে ৫-৬ জন তালিকাকারী/গণনাকারীকে নিবিড়ভাবে তদারকি করতে হবে।
৭. লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
৮. অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীরত ব্যক্তির আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৯. ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
১০. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।
১১. লিস্টিং অপারেশনের জন্য উত্তীর্ণ প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, দৌলতপুরের ওয়েবসাইটে (bbs.daulatpur.kushtia.gov.bd) এবং জেলা পরিসংখ্যান কার্যালয়, কুষ্টিয়ার ওয়েবসাইটে (bbs.kushtia.gov.bd) প্রকাশ করা হবে।
১২. নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(শোরমিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া

ও

সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
দৌলতপুর, কুষ্টিয়া